

ইসলামী ব্যাংকগুলো মুদারাবার নামে যেভাবে টাকা দিয়ে থাকে তা কি জায়েয?

প্রশ্ন:

ইসলামী ব্যাংকগুলো মুদারাবার নামে যেভাবে টাকা দিয়ে থাকে তা কি জায়েয? যেমন, তারা বলে, আপনার যে পণ্য লাগবে তা আমরা কিনে দিবা। আমরা টাকার ওপর লাভ করব না। পণ্যের ওপর করবা। উদাহরণত, ওমর ব্যবসা করতে চায়। কিন্তু তার কাছে নগদ টাকা নেই। ইসলামিক ব্যাংক তাকে এ শর্তে এক লাখ টাকার পণ্য কিনে দিল যে, এক বছর পর সে ১লাখ ২০ হাজার টাকা পরিশোধ করবে। শরিয়ার দৃষ্টিতে এ ধরনের মুদারাবার বিধান কী? কুরআন ও সুন্নাহের আলোকে জানালে অনেক উপকৃত হব।

প্রশ্নকারী- আব্দুল্লাহ

উত্তর:

আপনি যে পদ্ধতিটি উল্লেখ করেছেন, এটিকে ইসলামী ফিকহের পরিভাষায় ‘মুরাবাহা’ বলে; ‘মুদারাবা’ নয়। শরীয়তের দৃষ্টিতে উক্ত মুরাবাহা পদ্ধতির ক্রয় বিক্রয় জায়েয হওয়ার জন্য কিছু শর্ত রয়েছে, যেগুলো পূরণ করা জরুরি। অন্যথায় তা নাজায়েয ও সুদি চুক্তিতে পরিণত হবে। আমাদের জানামতের বাংলাদেশের ইসলামী ব্যাংকগুলোও শর্তগুলোর প্রতি যত্নবান নয়। তথাপিও আপনি যদি শর্তগুলো পূরণ করে ব্যাংকের সঙ্গে লেনদেনটি সম্পন্ন করতে পারেন, তাহলে তা জায়েয হবে ইনশাআল্লাহ। বিস্তারিত জানার জন্য ৯০ নং ফতোয়াটি

দেখুন। (ব্যাংক থেকে মাল ক্রয় বাবদ টাকা নেওয়ার বৈধ পদ্ধতি কী?)

লিংক: <https://fatwaa.org/2020/08/23/1606/>

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



০৬-০৭-১৪৪২ হি.

১৯-০২-২০২১ ইং